গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
সংস্থাপন শাখা

## সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ২০২২-২০২৩ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ জাহাঙ্গীর হোসেন<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৪ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বেলা ১২:০০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, বরিশাল |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর জেলা পর্যায়ে নৈতিকতা কমিটির সদস্য সচিব অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল সভাপতির অনুমতিক্রমে জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ইতোমধ্যে জারীকৃত আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ মোতাবেক অংশীজনদের অংশগ্রহণে ৩য় ত্রৈমাসিক সভার আয়োজন করা হয়েছে। তৎপ্রেক্ষিতে নৈতিকতা কমিটির সদস্য সচিব অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১। গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সভায় গত ত্রৈমাসিক সভার কার্যবিবরণী পাঠ করা হয়। | গত ত্রৈমাসিক সভার কার্যবিবরণীতে কোন সংশোধণী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক ( সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি; |
| ০২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ অনুসরণ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | জেলা ও উপজেলা পর্যায়ের অফিসসমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ অনুসরণ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক ( সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি; উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল সহকারী কমিশনার (ভূমি), (সকল), বরিশাল |

| | | | |
|---|---|---|---|
| ০৩। সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী ওয়েবপোর্টালে আপলোডকরণ | ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্য অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে নিয়মিত ত্রৈমাসিক সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী স্ব স্ব ওয়েবপোর্টালের নির্ধারিত শুদ্ধাচার কৌশল বক্সে আপলোড নিশ্চিতের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | অংশীজনের অংশগ্রহণে নিয়মিত ত্রৈমাসিক সভা আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী স্ব স্ব ওয়েবপোর্টালের নির্ধারিত শুদ্ধাচার কৌশল বক্সে আপলোড নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক ( সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি; উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল সহকারী কমিশনার (ভূমি), (সকল), বরিশাল প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল |
| ০৪। সেবা গ্রহীতাদের স্বল্প সময়ে দ্রুত সেবা নিশ্চিত করা | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) মোতাবেক সেবা গ্রহীতাদের দ্রুততম সময়ে সেবা প্রদানের নিশ্চিতের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) মোতাবেক দ্রুততম সময়ের মধ্যে সেবা গ্রহীতাদের প্রাপ্য সেবা প্রদান নিশ্চিতকল্পে সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে। | জেলা পর্যায়ের কর্মকর্তা (সকল), বরিশাল অতিরিক্ত জেলা প্রশাসক (সকল), বরিশাল এবং কমিটির সদস্য (সকল); উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল সহকারী কমিশনার (ভূমি), (সকল), বরিশাল |

| | | | |
|---|---|---|---|
| ০৫। তথ্য অধিকার আইন অনুযায়ী স্বপ্রণোদিতভাবে তথ্য প্রকাশ | তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম, পদবি এবং বিকল্প কর্মকর্তার নাম পদবি উল্লেখপূর্বক স্বপ্রণোদিতভাবে ওয়েবপোর্টালে তথ্য প্রকাশের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ওয়েবপোর্টালে তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম, পদবি এবং বিকল্প কর্মকর্তার নাম পদবি উল্লেখপূর্বক স্বপণোদিতভাবে ওয়েবপোর্টালে তথ্য প্রকাশ করতে হবে। | জেলা পর্যায়ের কর্মকর্তা (সকল), বরিশাল অতিরিক্ত জেলা প্রশাসক ( সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি; উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল সহকারী কমিশনার (ভূমি), (সকল), বরিশাল প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল |

| | | | |
|---|---|---|---|
| ০৬। অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে আলোচনা | প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তিসহ সেবা গ্রহীতাদের স্বল্প সময়ে দ্রুত সেবা নিশ্চিত করার লক্ষ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয় | অভিযোগসমূহ দ্রুত সময়ে নিষ্পত্তিসহ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদপূর্বক স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোডকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা পর্যায়ের কর্মকর্তা (সকল), বরিশাল অতিরিক্ত জেলা প্রশাসক ( সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি; উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল সহকারী কমিশনার (ভূমি), (সকল), বরিশাল প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল |
| ০৭। কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ | অংশীজনের অংশগ্রহণে আয়োজিত ত্রৈমাসিক সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত সমূহের আলোকে নিয়মিত অগ্রগতি প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসারগণ নিয়মিত ত্রৈমাসিক সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের উপর অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ এ কার্যালয়ে প্রেরণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল সহকারী কমিশনার (ভূমি), (সকল), বরিশাল |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় রাষ্ট্রে ও জনগণের স্বার্থে আন্তরিকতার সাথে জাতীয় শুদ্ধাচার কৌশল যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ জাহাঙ্গীর হোসেন
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.১০.০৬০০.১০৭.৫৮.০১৫.২৩.১১৩

তারিখ: ১ ফাল্গুন ১৪২৯
১৪ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩) বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল

৪) উপ পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল

৫) জেলা পর্যায়ের অফিসার (বরিশাল)

৬) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বরিশাল

৭) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল

৮) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরিশাল

৯) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বরিশাল

১০) উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল

১১) সহকারী কমিশনার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল

১২) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল

১৩) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, বরিশাল

১৪) প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল

মো: জাহাঙ্গীর হোসেন
জেলা প্রশাসক